

নানকের গ্লোবাল ইউনিভার্সিটি বন্ধ ঘোষণা, শিক্ষার্থীদের বিক্ষোভ

বরিশাল অফিস

১৫ আগস্ট,
২০২৪ ১৮:২০

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

বরিশাল নগরীতে বেসরকারি 'গ্লোবাল ইউনিভার্সিটি' বন্ধ ঘোষণা করায় বিক্ষোভ করেছেন শিক্ষার্থীরা। বৃহস্পতিবার দুপুরে অনির্দিষ্টকালের ছুটি ঘোষণার পর শিক্ষার্থীরা উপাচার্য এনামুল হকের পদত্যাগের দাবিতে বিক্ষোভ শুরু করেন।

ওই প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য এবং সাবেক পাট ও বস্ত্র মন্ত্রী জাহাঙ্গীর কবির নানক।

বৃহস্পতিবার বিকেল ৩টায় প্রশাসনিক ভবনে গিয়ে দেখা গেছে, শতাধিক শিক্ষার্থী উপাচার্যের পদত্যাগসহ ৮ দাবি জানিয়ে বিক্ষোভ করছেন।

নিচতলার একটি কক্ষে ৮-১০ জন শিক্ষক পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে নানা আলোচনা করছেন।

বিক্ষোভে অংশ নেওয়া আইন বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী হাসিবুল ইসলাম জানান, কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে বন্ধ থাকার পর বুধবার থেকে ক্লাস শুরু হয়। বৃহস্পতিবার দ্বিতীয় ভবনে আইন বিভাগের পরীক্ষা চলছিল। দুপুর ১২টার দিকে আকস্মিক শিক্ষা কার্যক্রম বন্ধ ঘোষণার নোটিশ দেওয়া হয়।

এর পরই তারা বিক্ষোভ শুরু করেন। পরিস্থিতি প্রতিকূলে বুঝতে পেরে ডেপুটি রেজিস্ট্রারসহ সহযোগী কর্মচারীরা পালিয়ে যান।

শিক্ষার্থীদের ৮ দাবির মধ্যে উল্লেখযোগ্য হলো শিক্ষা কার্যক্রম বন্ধের সিদ্ধান্ত প্রত্যাহার, উপাচার্যের পদত্যাগ, ডেপুটি রেজিস্ট্রার নেয়ামুলের বরখাস্ত ও শ্রীলতাহানির ঘটনায় অভিযুক্ত কর্মচারীদের শাস্তি।

এসব বিষয়ে রেজিস্ট্রার এ কে এম এনায়েত হোসেন বলেন, ‘তারা বিভিন্ন মাধ্যমে জানতে পেরেছেন যে শিক্ষার্থীদের মধ্যে দুটি গ্রুপ আছে।

তাদের কারণে যেকোনো সময়ে বিশ্ববিদ্যালয়ে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি হতে পারে। এ আশঙ্কায় সাময়িকভাবে শিক্ষা কার্যক্রম বন্ধ ঘোষণা করা হয়েছে। এর সঙ্গে রাজনৈতিক কিংবা সরকার পতনের সংশ্লিষ্টতা নেই।’

তিনি আরো বলেন, ‘উপাচার্য রাজধানীতে রয়েছেন। শিক্ষার্থীদের দাবিগুলো নিয়ে তারা সার্বক্ষণিক উপাচার্যের সঙ্গে যোগাযোগ রাখছেন।

শিক্ষার্থীদের কয়েকটি দাবি ইতিমধ্যে মেনে নেওয়া হয়েছে।’